যুগান্তর

তারিখ 19 FEB 2008
পৃষ্ঠা ৩ কলাম ৬

১৮৮৫
২৪

# এসএসসি এইচএসসি'র আগে উপজেলায় মডেল-টেস্ট নিতে হবে

যুগান্তর রিপোর্ট

এসএসসি ও এইচএসসি বা সমমানের দাখিল ও আলিম পরীক্ষার আগে জেলা ও উপজেলা পর্যায়ে কেন্দ্রীয়ভাবে 'মডেল টেস্ট' নেয়ার নতুন নিয়ম করেছে সরকার। উপজেলা পর্যায়ে নির্বাহী কর্মকর্তা বা টিএনও এবং জেলা পর্যায়ে মাধ্যমিক শিক্ষা অফিসারের তত্ত্বাবধানে এ পরীক্ষা নেয়া হবে।

এসএসসি : পৃষ্ঠা ২ : কলাম ৬

## এসএসসি : টেস্ট

(৩য় পৃষ্ঠার পর)

সোমবার এ ব্যাপারে পরিপত্র জারি করেছে মন্ত্রণালয়। এতে প্রতিষ্ঠানভিত্তিক যে নির্বাচনী পরীক্ষা হয়, সে প্রথা বিলোপ করা হয়েছে।

মন্ত্রণালয়ের একজন দায়িত্বশীল কর্মকর্তা জানান, নির্বাচনী পরীক্ষার নামে অনেক শিক্ষার্থীকে অনাকাঙ্ক্ষিতভাবে যেমন পরীক্ষায় বসার অনুমতি দেয়া হয় না, আবার এটা নিয়ে স্কুলগুলোতে এক ধরনের ব্যবসারও অভিযোগ রয়েছে। মূলত 'প্রমোশন, ব্যবসা'কে নিরুৎসাহিত করার লক্ষ্যে সরকার এ সিদ্ধান্ত নিয়েছে।

কিন্তু মান যাচাই ছাড়া পাবলিক পরীক্ষায় শিক্ষার্থীকে পাঠালে ফেলের হার বৃদ্ধির আশংকার ব্যাপারে ওই কর্মকর্তা বলেন, এজন্যই উপজেলা ও জেলাভিত্তিক মডেল টেস্টের বিধান করা হয়েছে। এতে শিক্ষার্থীর মান শুধু বাড়বে না, সংশ্লিষ্ট এসএসসি/দাখিল বা এইচএসসি ও আলিমের মূল পরীক্ষায় পরীক্ষার্থীরা 'টাইম-ম্যানেজমেন্ট' শিখতে পারবে।

পরিপত্রে বলা হয়েছে, নতুন মডেল টেস্ট প্রথার কারণে শিক্ষার্থীরা ট্রায়াল ভিত্তিতে পরীক্ষায় অংশগ্রহণের কারণে হাতে-কলমে অভিজ্ঞতা অর্জন করবে। কেন্দ্রীয়ভাবে নেয়া এ মডেল টেস্টের জন্য অতিরিক্ত ফি নেয়া যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান তহবিল থেকে ব্যয় নির্বাহ করবে।